

ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ  
বাংলাদেশ ব্যাংক  
প্রধান কার্যালয়  
ঢাকা।

বিআরপিডি সার্কুলার লেটার নং-১১

১২ জুন, ২০১৮  
তারিখ :-----  
২৯ জ্যৈষ্ঠ, ১৪২৫

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী  
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক

প্রিয় মহোদয়,

**ঋণ ও আমানতের গড়ভারিত সুদ হারের ব্যবধান বা intermediation spread  
নির্ণয়ে এসএমই খাতের ঋণ অন্তর্ভুক্তির বিষয়ে স্পষ্টীকরণ প্রসঙ্গে।**

শীর্ষোক্ত বিষয়ে স্মর্তব্য যে, মুক্তবাজার অর্থনীতির আওতায় বিভিন্ন খাতে ঋণের সুদ হারের উর্ধ্বসীমা প্রত্যাহার করা হলেও ঋণের সুদ হার নির্ধারণের স্বাধীনতা যাতে ব্যাংকগুলো কর্তৃক যৌক্তিকভাবে ব্যবহৃত হয় সে লক্ষ্যে ২২ জানুয়ারি, ২০১২ তারিখে জারিকৃত বিআরপিডি সার্কুলার লেটার নং-০১ এর মাধ্যমে ভোক্তাঋণ (ক্রেডিট কার্ড ঋণসহ) ও এসএমই ঋণ ছাড়া অন্যান্য খাতে প্রদত্ত ঋণের সুদ হার এবং আমানত সংগ্রহের গড়ভারিত সুদ হারের ব্যবধান বা intermediation spread নিম্নতর এক অংক (lower single digit) পর্যায়ে রাখার জন্য নির্দেশনা দেয়া হয় যার সূত্রে অক্টোবর, ২০১৫ পর্যন্ত ঋণের গড়ভারিত সুদ হার হিসাবায়নের ক্ষেত্রে ভোক্তাঋণ ও ক্রেডিট কার্ড এর পাশাপাশি এসএমই ঋণের সুদ হার অন্তর্ভুক্ত ছিল না।

০২। দেশের অর্থনৈতিক উন্নয়নে এসএমই খাতের ভূমিকা ও অগ্রাধিকার বিবেচনায় এবং আত্মকর্মসংস্থান সৃষ্টিসহ দেশে অধিকতর কর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে উক্ত খাতে প্রদত্ত ঋণের সুদ হার যৌক্তিক পর্যায়ে নির্ধারণের নিমিত্তে অন্যান্য ঋণের সাথে এসএমই খাতের সুদ হার অন্তর্ভুক্ত করে ঋণ ও আমানতের গড়ভারিত সুদ হারের ব্যবধান ৫% এর মধ্যে সীমিত রাখার জন্য নির্দেশনা দেয়া হয়।

০৩। একই ধারাবাহিকতায় ৩০ মে ২০১৮ তারিখে জারিকৃত বিআরপিডি সার্কুলার লেটার নং-০৯ এর মাধ্যমে ঋণ ও আমানতের গড়ভারিত সুদ হারের ব্যবধান ৪% এর মধ্যে সীমিত রাখার জন্য নির্দেশনা জারি করা হয়। নতুন নির্দেশনা জারির পর ব্যাংকারদের মধ্যে উক্ত স্প্রেড হিসাবায়নে এসএমই খাতের ঋণও অন্তর্ভুক্ত হবে কিনা এ বিষয়ে অস্পষ্টতার সৃষ্টি হয়েছে মর্মে বাংলাদেশ ব্যাংকের গোচরীভূত হয়।

০৪। বর্ণিত বিষয়ে অস্পষ্টতা নিরসনকল্পে এ মর্মে সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ভোক্তাঋণ ও ক্রেডিট কার্ড ঋণ ব্যতীত অন্যান্য ঋণের সাথে এসএমই খাতের ঋণের সুদ হারও হিসাবায়ন করে ঋণ ও আমানতের গড়ভারিত সুদ হারের ব্যবধান ৪% এর মধ্যে সীমিত রাখতে হবে।

০৫। এতদ্ব্যতীত এসএমই খাতে ঋণ প্রদানের ক্ষেত্রে বিআরপিডি ও এসএমই এন্ড স্পেশাল প্রোগ্রামস্ ডিপার্টমেন্ট কর্তৃক ইস্যুকৃত অন্যান্য সার্কুলারে বর্ণিত নির্দেশনা যথাযথভাবে অনুসরণ করতে হবে।

আপনাদের বিশ্বস্ত,



(আবু ফরাহ মোঃ নাছের)

মহাব্যবস্থাপক

ফোন: ৯৫৩০২৫২